

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত

মুজিববর্ষের অঙ্গীকার
সুরক্ষিত হবে মানবাধিকার



জাতীয় মানবাধিকার কমিশন

বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
পিএকবিএস নম্বর: ৫৫০১৩৭২৬-২৮; হেল্প লাইন নম্বর: ১৬১০৮
ওয়েবসাইট- www.nhrc.org.bd, ই-মেইল: info@nhrc.org.bd



স্মারক নম্বর: এনএইচআরসিবি/অভিযোগ-৩৫৩/২৬৮/১৫-৫০১০

তারিখ: ০৩/০১/২০২২

বিষয়: গোয়ালন্দে র্যাভের সঙ্গে “বন্দুকযুদ্ধে দুই যুবক নিহত” বিষয়ে তথ্যানুসন্ধান সংক্রান্ত।

সূত্র: কমিশনের অভিযোগ নং-১৪৯/১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে রাজবাড়ী গোয়ালন্দ উপজেলার দেবগ্রাম ইউনিয়নের রাখালগাছি চরে ১২ মে ২০১৭ তারিখ রাতে র্যাভের সাথে ‘বন্দুকযুদ্ধে’ দুই যুবকের নিহত হওয়ার ঘটনা ঘটেছে। নিহতরা হলেন-পাবনা সদর উপজেলার জালালপুর গ্রামের সফি মুন্সীর ছেলে রকিবুল হাসান ওরফে রকি ওরফে বাপ্পি (৩০) এবং রাজবাড়ী সদর উপজেলার বরাট ইউনিয়নের নতুন গোপাল বাড়ি গ্রামের কুদ্দুস মোল্লার ছেলে লালন মোল্লা (৩৩)। মানবাধিকার সংগঠন আইন ও সালিশ কেন্দ্র (আসক) এর পক্ষ থেকে ঘটনার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কমিশনের হস্তক্ষেপ কামনা করা হয়েছে।

০২। বর্ণিত অভিযোগের বিষয়ে প্রাপ্ত প্রতিবেদন নিয়ে কমিশনের বেঞ্চ ০১ এ আলোচনা করা হয়। আলোচনান্তে আদেশ হয় যে, কমিশনের পরিচালক (অভিযোগ ও তদন্ত) জনাব মো: আশরাফুল আলম (জেলা ও দায়রা জজ) ও কমিশনের উপপরিচালক জনাব এম.রবিউল ইসলাম আগামী ২৭.০১.২০২২ তারিখের মধ্যে বর্ণিত ঘটনার বিষয়ে তথ্যানুসন্ধান করে একটি প্রতিবেদন কমিশন বরাবর দাখিল করবে।

০৩। সেমতে তথ্যানুসন্ধান কমিটি আগামী ০৪.০১.২০২২ তারিখে ঘটনাস্থল রাজবাড়ী জেলাধীন গোয়ালন্দ উপজেলা ও সংশ্লিষ্ট স্থানসমূহ সেরেজমিন পরিদর্শন করে সকল অংশীজনের কাছ থেকে তথ্য উপাত্ত সংগ্রহ করে আগামী ২৭.০১.২০২২ তারিখের মধ্যে কমিশনের নিকট পূর্ণাঙ্গ তথ্যানুসন্ধান প্রতিবেদন দাখিল করবে।

০৪। কমিশনের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হল।

নায়ন
০৬/০১/২০২২

নারায়ণ চন্দ্র সরকার
সচিব (সরকারের যুগ্মসচিব)
ফোন: ৫৫০১৩৭১৬ (অ)

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১. পরিচালক (অভিযোগ ও তদন্ত) (জেলা ও দায়রা জজ), জাতীয় মানবাধিকার কমিশন।
২. জেলা প্রশাসক, রাজবাড়ী।
৩. পুলিশ সুপার, রাজবাড়ী (তথ্য অনুসন্ধান দলকে প্রয়োজনীয় নিরাপত্তা প্রদানের অনুরোধসহ)।
৪. উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর/গোয়ালন্দ (তথ্য অনুসন্ধান দলকে প্রয়োজনীয় সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধসহ)।
৫. জনাব এম. রবিউল ইসলাম, উপপরিচালক, জাতীয় মানবাধিকার কমিশন।
৬. এনডিসি, রাজবাড়ী (তথ্য অনুসন্ধান দলকে প্রয়োজনীয় আবাসন সুবিধা প্রদানের অনুরোধসহ)।
৭. সহকারী পরিচালক (তথ্য ও প্রযুক্তি), জাতীয় মানবাধিকার কমিশন (ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ)।
৮. চেয়ারম্যানের একান্ত সচিব, জাতীয় মানবাধিকার কমিশন (মাননীয় চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. সার্বক্ষণিক সদস্যের একান্ত সচিব, জাতীয় মানবাধিকার কমিশন (মাননীয় সার্বক্ষণিক সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. অফিস কপি।